

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
নগর উন্নয়ন অধিদপ্তর
৮২, সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.udd.gov.bd

স্মারক নং- ২৫.৪৫.০০০০.০০০.০০২.১৪.০০৩৫.২৩.২

তারিখঃ ০৪/০১/২০২৬

গণশুনানির বিজ্ঞপ্তি

বিষয়ঃ “মেহেরপুর জেলার উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন” প্রকল্পের আওতায় প্রস্তুতকৃত খসড়া মাস্টার প্ল্যানের উপর গণশুনানি প্রসংগে।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “মেহেরপুর জেলার উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন” প্রকল্পের আওতায় মেহেরপুর জেলার টেকসই উন্নয়ন নিশ্চিত করার লক্ষ্যে প্রস্তুতকৃত খসড়া “মাস্টার প্ল্যান” প্রকল্পের ওয়েব পোর্টালে (www.mzdp.gov.bd/publichearing) সর্বসাধারণের জন্য উন্মুক্ত করা হয়েছে। খসড়া মাস্টার প্ল্যানের উপর QR কোড স্ক্যানের মাধ্যমে ওয়েব পোর্টালের নির্দিষ্ট লিংকে মতামত প্রদানের জন্য অনুরোধ জানানো হলো।

একইসাথে মেহেরপুর জেলায় জানুয়ারি, ২০২৬ মাসব্যাপী উক্ত খসড়া মাস্টার প্ল্যানের উপর গণশুনানি অনুষ্ঠিত হবে। গণশুনানিতে মেহেরপুরবাসীদের উপস্থিত থেকে লিখিত মতামত প্রদানের জন্য অনুরোধ করা হলো।



(Handwritten signature)
০৪/০১/২০২৬

(আহমেদ আখতারুজ্জামান)

সিনিয়র প্ল্যানার ও প্রকল্প পরিচালক

“মেহেরপুর জেলার উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন” প্রকল্প
নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা